গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১৯ তারিখ: ৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ২২ মার্চ ২০২০ খ্রি: দুপুর ০১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
**যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, ফরিদপুর এবং মাদারীপুর অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৬০-৮০ কিমি বেগে অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ২ নম্বর (পুনঃ) ২ নম্বর নৌ-হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।**
**এছাড়া দেশের অন্যত্র একই দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিমি বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর নৌ-হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।**

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।**

**পূর্বাভাসঃ ঢাকা, ময়মনসিংহ, রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সমান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রবৃষ্টির প্রবনতা হ্রাস পেতে পারে এবং তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.৬ | ৩২.০ | ৩৪.৪ | ৩২.৮ | ৩৪.৫ | ৩১.৫ | ৩৫.২ | ৩৩.৯ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৮.৫ | ১৯.৩ | ১৯.৪ | ১৭.৭ | ১৮.২ | ১৭.৪ | ১৭.৪ | ২০.২ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল মংলা ৩৫.২° এবং আজকের সর্বনিম্ন ডিমলা ও যশোর ১৭.৪°সেঃ।

অগ্নিকান্ড
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২০/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২১/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৫৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ৪ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১২ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ১০ | ০ | ০ |
| ৮। | খুলনা | ২০ | ০ | ০ |
| | **মোট** | **৫৭** | **০** | **০** |

## করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যঃ

## বিশ্ব পরিস্থিতিঃ

গত ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ জেনেভাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিকে বিশ্ব মহামারী
ঘোষনা করা হয়েছে। সারা বিশ্বে কোভিড-১৯ রোগটি বিস্তার লাভ করেছে। এ রোগে বহুলোক ইতোমধ্যে মৃত্যুবরণ করেছে। কয়েক হাজার মানুষ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। আগামী দিনগুলোতে এর সংখ্যা আরো বাড়ার আশংকা রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২০.০৩.২০২০ খ্রিঃ তারিখ এর করোনা ভাইরাস সংক্রান্ত Situation Report অনুযায়ী সারা বিশ্বের কোভিড-১৯ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| ক্রঃ নং | বিবরণ | বিশ্ব | দক্ষিণ-পূর্ব এশিয়া | বাংলাদেশ |
|---|---|---|---|---|
| ০১ | মোট আক্রান্ত | ২,৩৪,০৭৩ | ৯১৮ | ২৪ |
| ০২ | ২৪ ঘন্টায় নতুন আক্রান্তের সংখ্যা | ২৪,২৪৭ | ২৬১ | ০৭ |
| ০৩ | মোট মৃত ব্যক্তির সংখ্যা | ৯,৮৪০ | ৩১ | ০২ |
| ০৪ | ২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যা | ১০৬১ | ০৮ | ০১ |

## বাংলাদেশ পরিস্থিতিঃ

১। সাধারণ তথ্যঃ

- বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক কোভিড-১৯ মোকাবেলায় জনস্বার্থে আইনের প্রয়োগ বিষয়ে একটি গনবিজ্ঞপ্তি জারী করা হয়েছে। সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন ২০১৮ এর বিভিন্ন ধারা, উপধারা প্রয়োজনে প্রয়োগ করা হতে পারে বলে গনবিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।
- স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালনায় আন্তর্জাতিক বিমান বন্দরসমূহ, সমুদ্র বন্দরসমূহ ও স্থল বন্দরসমূহে বিদেশ থেকে আগত সকল যাত্রীর তাপমাত্রা পরীক্ষা করা হচ্ছে।
- সিঙ্গাপুর, সংযুক্ত আরব আমিরাত, ইতালিতে ও সৌদি আরবে কয়েকজন প্রবাসী বাংলাদেশী কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন। সিঙ্গাপুরে আইসিইউতে চিকিৎসাধীন বাংলাদেশী রোগীর অবস্থার উন্নতি হয়নি।
- ইতালিসহ ইউরোপের অন্যান্য আক্রান্ত দেশ হতে আগত প্রবাসী বাংলাদেশীদের হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরনের পর তাদের আশকোনা হজ্ব ক্যাম্পে নিয়ে যাওয়া হয়েছে। প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা এবং

ডকুমেন্টেশন শেষে তাদেরগৃহ কোয়ারেন্টাইনে থাকার জন্য নির্দেশ দেয়া হয়েছে এবং গৃহ কোয়ারেন্টাইনে করণীয় নির্দেশনা প্রদান করে তাদের নিজ নিজ বাড়িতে পাঠানো হয়েছে।

- সার্কভুক্ত দেশের সরকার প্রধানগণ করোনা ভাইরাস প্রতিরোধে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রয়াসে ভিডিও কনফারেন্স করেছেন।
- অন এরাইভেল ভিসায় বাংলাদেশে আগত দুইজনকে বিমানবন্দর থেকে ফেরত পাঠানো হয়েছে।
- বাংলাদেশে কোভিড-১৯ আক্রান্ত হয়ে দুই(০২) ব্যক্তি মারা গেছেন।
- বিদেশ থেকে এসে হোম কোয়ারেন্টাইন এ থাকার নির্দেশ অমান্য করায় ০৯ জেলায় ১৭ জন প্রবাসীকে জরিমানা করা হয়েছে।
- মাদারীপুর জেলা প্রশাসক হতে টেলিফোনে প্রাপ্ত তথ্য অনুসারেঃ

(ক) করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে মাদারীপুর পৌরসভায় ২ ও ৩ নং ওয়ার্ড, শিবচর উপজেলার পাচ্চড় ইউনিয়নের এবং দক্ষিণ দোহেরাতলা ইউনিয়নের কয়েকটি গ্রামের জনগণের চলাচলের উপর নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে। এ সকল ইউনিয়নের দরিদ্র লোকদের ত্রাণ সহায়তা প্রদান করা হচ্ছে।

(খ) ৯ জন আক্রান্ত ব্যক্তির মধ্যে ৫ জন ঢাকায় এবং ৪ জন মাদারীপুর রয়েছে। আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আসা ৩৫০ জনকে সনাক্ত করা হয়েছে। যাদের সকলকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। স্বাস্থ্য কর্মী ও স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা হচ্ছে।

(গ) স্থানীয় বণিক সমিতির সাথে পরামর্শক্রমে প্রবাসীদের সম্পূর্নরুপে বাজারে না যাওয়ার জন্য বলা হয়েছে। এছাড়াও অন্যান্যদেরকে প্রয়োজনের অতিরিক্ত সময় বাজারে অবস্থান না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

(ঘ) উপজেলা প্রশাসনের নির্দেশে স্কুলের শিক্ষকগণ, ইউনিয়ন পরিষদ এবং গ্রাম পুলিশের মাধ্যমে হাট-বাজারে, কাঠাল বাড়ি ঘাটে করোনা সম্পর্কে সচেতনতার বিষয়ে ৬-৭হাজার লিফটলেট বিতরণ করা হয়েছে।

(ঙ) যারা করোনায় আক্রান্ত বা সন্দেহভাজন আক্রান্ত তাদের সন্তান যেসব স্কুলে পড়ালেখা করে তাদের সহপাঠীদেরকেও কোয়ারেন্টাইনে রাখা হয়েছে এবং নিয়মিত মনিটর করা হচ্ছে।

(চ) জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর স্মারক নং-৫১.০১.৫৪০০.১২৬.৯৬.০১৬.১৯-১৩৭; তারিখ: ২১/০৩/২০২০ খ্রি: এর মাধ্যমে জানিয়েছে যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলায় করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। শিবচর উপজেলার আক্রান্ত চারটি এলাকায় যানবাহন ও জনগণের চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। আক্রান্ত চারটি এলাকায় প্রায় ৬০ (ষাট) হাজার লোক বসবাস করে, যাদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক দিনমজুর ও নিম্নআয়ের লোক রয়েছে। ফলে অনেক দিনমজুর বা নিম্নআয়ের লোক কর্মহীন ও অসহায় হয়ে পড়েছে। এছাড়া জেলা সদর ও প্রতিটি উপজেলায় এক বা একাধিক প্রাতিষ্ঠানিক আইসোলেশন সেন্টার ও কোয়ারেন্টাইন সেন্টার প্রস্তুত রাখা হয়েছে।

- জেলা প্রশাসক, ময়মনসিংহ টেলিফোনে জানিয়েছে যে, আজ ২১.০৩.২০২০খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে 'জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি' বিশেষ সভা অনুষ্ঠিত হয়।

২। স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২১/০৩/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

ক) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যাঃ

| বিষয় | ২৪ ঘন্টায় সর্বশেষ পরিস্থিতি | গত ২১/০১/২০২০ থেকে অদ্যবধি |
|---|---|---|
| মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৫,৭২৮ | ৬,৫১,৪৭০ |
| এ পর্যন্ত দেশের ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে বিদেশ থেকে আগত স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ১,১০৪ | ৩,১৯,১৯৬ |
| দু'টি সমূদ্র বন্দরে (চট্টগ্রাম সমুদ্র বন্দর ও মংলা সমূদ্র বন্দর) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ১৭৫ | ৮৯৪৬ |

| | | |
|---|---|---|
| ঢাকা ক্যান্টনমেন্ট ও বেনাপোল রেলওয়ে স্টেশনে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ০ | ৭০২৯ |
| অন্যান্য চালু স্থলবন্দরগুলোতে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৪,৪৪৯ | ৩,১৬,২৯৯ |

খ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য, ২১/০৩/২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৮ টার পূর্বের ২৪ ঘন্টার তথ্য):

| ক্রঃ নং | বিভাগের নাম | ২৪ ঘন্টায় (পূর্বের দিন সকাল ০৮ ঘটিকা থেকে অদ্য সকাল ০৮ ঘটিকা পর্যন্ত) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কোয়ারেন্টাইন | | | | | | আইসোলেশান | | রোগীর তথ্য | |
| | | হোম কোয়ারেন্টাইন | | হাসপাতাল ও অন্যান্য স্থান | | মোট | | | | | |
| | | হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা | কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা | হাসপাতালে কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা | মোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা | মোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য | আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা | আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা | হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা |
| ০১ | ঢাকা | ৮৯৮ | ১৮৩ | ০৭ | - | ৯০৫ | ১৮৩ | ০৪ | - | - | - |
| ০২ | ময়মনসিংহ | ১৪৪ | - | - | - | ১৪৪ | - | - | - | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ৭০২ | ৫২ | ০২ | - | ৭০৪ | ৫২ | - | - | - | - |
| ০৪ | রাজশাহী | ২২৫ | ১৮ | ০১ | - | ২২৬ | ১৮ | - | - | - | - |
| ০৫ | রংপুর | ১১৮ | ২২ | - | - | ১১৮ | ২২ | - | - | - | - |
| ০৬ | খুলনা | ৮০৩ | ৩৩৫ | ০১ | - | ৮০৪ | ৩৩৫ | - | - | - | - |
| ০৭ | বরিশাল | ২৮১ | ২৭ | - | ০১ | ২৮১ | ২৮ | - | - | - | - |
| ০৮ | সিলেট | ২২৫ | - | ০২ | - | ২২৭ | - | - | - | - | - |
| | সর্বমোট | ৩,৩৯৬ | ৬৩৭ | ১৩ | ০১ | ৩,৪০৯ | ৬৩৮ | ০৪ | - | - | - |

গ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য, ১০/০৩/২০২০ খ্রিঃ হতে ২১/০৩/২০২০ খ্রিঃ সকাল ৮ টা পর্যন্ত):

| ক্রঃ নং | বিভাগের নাম | ১০/০৩/২০২০ খ্রিঃ হতে সর্বমোট/অদ্যাবধি | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কোয়ারেন্টাইন | | | | | | আইসোলেশান | | রোগীর তথ্য | |
| | | হোম কোয়ারেন্টাইন | | হাসপাতাল ও অন্যান্য স্থান | | সর্বমোট | | | | | |
| | | হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হাসপাতাল কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা | কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | সর্বমোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা | সর্বমোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য | আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা | আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা | হাসপাতা ভর্তি রোগী সংখ্যা |
| ০১ | ঢাকা | ৪,৭০৯ | ৯১৭ | ৮২ | - | ৪,৭৯১ | ৯১৭ | ০৭ | - | - | - |
| ০২ | ময়মনসিংহ | ৬০০ | ০৩ | - | - | ৬০০ | ০৩ | - | - | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ৪,৫৮৬ | ১,০৩৪ | ১২ | - | ৪,৫৯৮ | ১,০৩৪ | ০১ | - | - | - |
| ০৪ | রাজশাহী | ১,৭১৪ | ৮২ | ০১ | - | ১,৭১৫ | ৮২ | - | - | - | - |
| ০৫ | রংপুর | ৭৪৪ | ৫০ | ০১ | - | ৭৪৫ | ৫০ | - | - | - | - |
| ০৬ | খুলনা | ২,৮৮৪ | ৩৬৪ | ০৪ | ০১ | ২,৮৮৮ | ৩৬৫ | - | - | ০১ | ০১ |
| ০৭ | বরিশাল | ৮৯৪ | ৪৩ | - | ০১ | ৮৯৪ | ৪৪ | ০২ | ০১ | - | - |
| ০৮ | সিলেট | ১,৪২৭ | ০৬ | ১৫ | - | ১,৪৪২ | ০৬ | - | - | - | - |
| | সর্বমোট | ১৭,৫৫৮ | ২,৪৯৯ | ১১৫ | ০২ | ১৭,৬৭৩ | ২,৫০১ | ১০ | ০১ | ০১ | ০১ |

## ৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণায়ের গৃহীত কার্যক্রমঃ

০১। স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুরোধে চাহিদা অনুযায়ী লজিস্টিক সাপোর্ট ও মানবিক সহায়তা প্রদান।

০২। চীন হতে প্রত্যাগত০১/০২/২০২০ হতে ১৬/০২/২০২০খ্রি. তারিখ পর্যন্ত কোয়ারেন্টাইনে রাখা ৩১২ জনের মধ্যে খাবার, বিছানাপত্রসহ প্রয়োজনীয় ব্যবহার্য সামগ্রী সরবরাহ করা।

০৩। একই পদ্ধতিতে ১৪/০৩/২০২০ ও ১৫/০৩/২০২০খ্রি. তারিখে ইতালি থেকে প্রত্যাগত প্রবাসী নাগরিকদের যথাক্রমে ১৫০, ১৭০ ও ২৪৮ জনের মধ্যে খাবার সরবরাহসহ অন্যান্য ব্যবহার্য লজিস্টিক সাপোর্ট প্রদান।

০৪। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত জাতীয় কমিটিতে গৃহিত সিদ্ধান্তসমূহ নিয়মিতভাবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন করা হয়।

০৫। রোহিঙ্গা ও জেনেভো ক্যাম্প এবং স্লামে হ্যান্ড স্যানিটাইজার বিতরণসহ করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করা হয়।

০৬। দেশের দুর্যোগ ব্যবস্থাপনায় নিয়োজিত সিপিপি, আরবান ভলান্টিয়ার, বাংলাদেশ স্কাউটসহ অন্যান্য ভলান্টিয়ারদেরকে সচেতনমূলক কাজে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

০৭। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কন্ট্রোল রুম ২৪ ঘন্টা খোলা রাখা এবং মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যাদি স্বাস্থ্য মন্ত্রণালয়কে অবহিত করা।

০৮। প্রধানমন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য মন্ত্রণালয়, আইইডিসিআর ও জেলা কন্ট্রোল রুম থেকে প্রাপ্ত তথ্য এনডিআরসিসি থেকে প্রতি ৪ ঘন্টা পর পর সংশ্লিষ্টদের অবহিত করা হয়।

০৯। স্বেচ্ছাসেবকদের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মধ্যে লিফলেট বিতরণ।

১০। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ ও বাংলদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়কে হ্যান্ড স্যানিটাইজার প্রস্তুতে সহায়তা করা।

১১। ঢাকা বিভাগীয় কমিশনারের অনুরোধে মাদারীপুর, রাজবাড়ী ও টাঙ্গাইল জেলার যৌন পল্লীতে মানবিক সহায়তা প্রদান।

১২। দেশের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণে মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠন ও কার্যক্রম গ্রহণ।

১৩। প্রয়োজনীয় মুহূর্তে চাহিদা অনুযায়ী মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তুত রাখা।

১৪। ৩১/০১/২০২০খ্রি. তারিখ হতে আশকোনা স্থায়ী হাজী ক্যাম্পে অবস্থানকালীন খাবার সরবরাহ ও তদারকি করার কাজে সহায়তা করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ নিজস্ব দাপ্তরিক দায়িত্বের অতিরিক্ত এ দায়িত্ব পালন করছেন।

১৫। করোনা ভাইরাস মোকাবেলায় আপদকালীন পরিকল্পনা প্রণয়নের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন ও কার্যক্রম গ্রহণ।

১৬। জেলা ও উপজেলা পর্যায়ের করোনা পরিস্থিতি মনিটরিং করার জন্য কর্মকর্তাগণের সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে।

১৭। দেশের বিভিন্ন বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওযার্ড পর্যন্ত সচেতনা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ করা হয়।

১৮। স্বেচ্ছাসেবকদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে পিপিই (personal protection equipment) সংগ্রহ করা হয়।

২২-৩-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১৯/১(১৬৬)

তারিখ: ৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১০) জেলা প্রশাসক (সকল)
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা (সকল)

২২-৩-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)